

প্রতিমন্ত্রী যখন শিক্ষক

নিজস্ব প্রতিবেদক, রাজশাহী ▷

শিশুদের ক্লাসে ঢুকে পাঠদান করলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী ও রাজশাহী-৫ (বাঘা-চারঘাট) আসনের এমপি শাহরিয়ার আলম। গতকাল বৃহস্পতিবার সকালে বাঘা উপজেলার আড়ানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাসেল স্মৃতি ডিজিটাল ল্যাবের উদ্বোধন শেষে চতুর্থ শ্রেণির শিক্ষার্থীদের পাঠদান করান তিনি। এ সময় প্রতিমন্ত্রী জাতীয় সংগীত গাওয়া শোনা থেকে চতুর্থ শ্রেণির ইংরেজি বিষয়ে ক্লাস নেন শিশুদের। শিশুরাও মন্ত্রীকে কাঁচ পেয়ে আনন্দে মেতে ওঠে। ক্লাস শেষে মন্ত্রী শিশুদের সঙ্গে সেলফি তোলেন।

এ সময় শিশুদের কাছে শাহরিয়ার আলম জানতে চান, কিভাবে বঙ্গবন্ধুর নাম খোকা হয়েছিল, কোথায় জন্মগ্রহণ করেন এ শ্রেষ্ঠ বাঙালি, শিশুদের মাঝে কেন আদর্শ ব্যক্তি হলেন তিনি, কেন স্বাধীনতার ডাক দিলেন, কেন জেলে গেলেন, কী কারণে এবং কত সালে ঐতিহাসিক ভাষণ দিলেন? শিশুরাও যারা জানে, তারা হাত তুলে আগে আগে উত্তর দেওয়ার চেষ্টা করছিল। পরে শাহরিয়ার আলম বঙ্গবন্ধুর সঠিক জীবনী পাঠ করার আহ্বান জানান। এ সময় প্রতিমন্ত্রীর সঙ্গে আগতরা ক্লাসের বাইরে অপেক্ষা করেন। তাদের মধ্যে ছিলেন বাঘা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ হামিদুল ইসলাম, আড়ানী পৌর মেয়র মুক্তার আলী, ওসি আলী মাহমুদ, আড়ানী পৌর আওয়ামী লীগের সভাপতি ও প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভাপতি শহীদজ্জামান শাহীদ, সাধারণ সম্পাদক মতিউর রহমান মতি, সহসভাপতি সাইদুর রহমান প্রমুখ।

পরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী পৃথকভাবে বাঘা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবন ও উপজেলা মৎস্য মেলার উদ্বোধন করেন। এ ছাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নের ছিন্নমূল পরিবারের মাঝে সেলাই মেশিন ও টিউবওয়েল বিতরণ করেন। অন্যান্যদিকে বিকেলে প্রতিমন্ত্রী বঙ্গবন্ধু-বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলার পুরস্কার বিতরণ করেন।